Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 20 April, 2025

আশুলিয়ায় জিটিএ স্পোর্টস লিমিটেড নামের একটি কারখানার কর্মকর্তা মতিউর রহমান ও রনিসহ সাতজনের নামে মিথ্যা মামলা প্রত্যাহার এবং চুরি যাওয়া মালামাল উদ্ধারের দাবী জানিয়ে মানববন্ধন কর্মসূচি পালন করেছে ওই কারখানা শ্রমিক-কর্মচারীরা।

রোববার (২০ এপ্রিল) বিকেল সাড়ে ৪টার দিকে আশুলিয়ার শিমুলিয়া ইউনিয়নের দিঘিরপাড় এলাকার জিটিএ স্পোর্টস লিমিটেড কারখানার মূল ফটকে এ মানববন্ধন কর্মসূচি পালন করে তারা।

মানববন্ধনে শ্রমিকরা জানায়, জিটিএ স্পোর্টস লিমিটেড কারখানার নিটিংয়ের জুনিয়র অফিসার সাইদুল ইসলাম বিগত দুই মাসে চারটি চালানের মাধ্যমে কারখানার প্রায় ৪৭ লাখ টাকার সূতা চুরি করে বিক্রি করে দেয়।বিষয়টি কারখানা কর্তৃপক্ষের নজরে আসলে তার কাছে হিসেব চাইতে গেলেই গাঁ ঢাকা দেয় সাইদুল। পরে গত ১৬ এপ্রিল দুপুরের দিকে তাকে পিটিয়ে গুরুতর আহত করে কারখানায় আটকে রাখে বলে মিথ্যা অভিযোগ এনে আশুলিয়া থানায় তার ভাই একটি মামলা দায়ের করেন।ওই মামলায় কারখানার কর্মকর্তা সহ ৭ জনকে আসামী করা হয় এবং দুইজনকে আটক করে জেল হাজতে পাঠায় পুলিশ।

তারা আরো জানান, মিথ্যা মামলা অবিলম্বে প্রত্যাহার করে তাদের মুক্তি এবং সূতা চুর সাইদুলের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান।

মানব বন্ধনে এসময় ওই কারখানার প্রায় ২৫০ জন শ্রমিক ও কর্মচারী উপস্থিত ছিলেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:20

URL: https://www.timestodaybd.com/public/dhaka/1134775807